



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/14/2025

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল নতুন ওয়েবসাইট শুরু করলেন যাতে নিউ ইয়র্কের বাবা-মা এবং স্টুডেন্টরা এই শরৎকালে নিজেদের স্কুলের স্মার্টফোন সীমাবদ্ধ করার পলিসি খুঁজে পেতে পারে

স্টেটের আইন পুরো স্টেটের K-12 স্কুলগুলিতে স্মার্টফোন এবং অন্যান্য ইন্টারনেটসহ ব্যক্তিগত ডিভাইসের জন্য বেল-থেকে-বেল সীমাবদ্ধতা বাধ্যতামূলক করেছে

নিজেদের স্কুলের পলিসি দেখার জন্য নিউ ইয়র্কবাসীরা এখন [ny.gov/phonefree](https://ny.gov/phonefree) ভিজিট করতে পারবেন

ওয়েবসাইটে পুরো নিউ ইয়র্কের 1,050-এর বেশি ডিস্ট্রিক্ট এবং স্কুলের প্রকাশ করা পলিসি রয়েছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে একটি নতুন ওয়েবসাইট, [ny.gov/phonefree](https://ny.gov/phonefree), শুরু করেছেন যা নিউ ইয়র্কের (New York) বাবা-মা এবং স্টুডেন্টদেরকে এই শরৎকালে নিজেদের স্কুলের বেল-থেকে-বেল স্মার্টফোন সীমাবদ্ধ করার পরিকল্পনার বাস্তবায়ন খুঁজে নিতে দিবে। ওয়েবসাইটটি নিউ ইয়র্কবাসীকে ইতিমধ্যে আগামী স্কুল ইয়ারের জন্য নিজেদের পলিসি প্রকাশ করা 1,050টি পাবলিক স্কুল ডিস্ট্রিক্ট, চার্টার স্কুল এবং বোর্ডস অফ কোঅপারেটিভ এডুকেশনাল সার্ভিসেস (Boards of Cooperative Educational Services, BOCES), যারা পুরো স্টেটের অবশ্যিকতার অধীনে থাকা আনুমানিক মোট 1,090টি ডিস্ট্রিক্ট এবং স্কুলের প্রায় 96 শতাংশ, তাদের মধ্যে থেকে ডিস্ট্রিক্ট বা স্কুলের নাম অনুযায়ী খুঁজতে দেয়। পুরো স্টেটের স্কুল অ্যাডমিনিস্ট্রেশনগুলি পুরো স্টেটে K-12 স্কুলে বেল-থেকে-বেল স্মার্টফোন সীমাবদ্ধতা আবশ্যিক করে গভর্নর Hochul-এর (হোকল) নতুন আইনের অংশ হিসেবে এইসব পরিকল্পনা বাস্তবায়ন করছে।

"আমাদের শিশুরা তখনই সফল হবে যখন তারা শিখতে এবং বিকাশ পেতে পারবে, ক্লিক এবং স্ক্রল করে নয়, এবং সেজন্যই পুরো নিউ ইয়র্কের (New York) স্কুলগুলি এই শরৎকালে বেল-থেকে-বেল স্মার্টফোন সীমাবদ্ধতা বাস্তবায়ন করতে তৈরি হয়েছে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "আমরা স্কুল ইয়ার শুরুর জন্য অপেক্ষা করছি, এমন সময় যোগাযোগ একটি মুখ্য বিষয়, এবং আমাদের নতুন অনলাইন রিসোর্স বাবা-মা ও স্টুডেন্টদের জন্য নিজেদের স্কুলের পরিকল্পনা রিভিউ করা আরো সহজ করছে।"

আগস্টে নির্ধারিত আসন্ন স্কুল বোর্ডের মিটিংয়ের দিনগুলিতে বাকি ডিস্ট্রিক্ট এবং স্কুলগুলি তাদের পলিসি চূড়ান্ত করবে বলে আশা করা যাচ্ছে। যখনই কোনো একটি পলিসি প্রকাশ এবং জমা দেওয়া হবে তখন স্টেটের অনলাইন রিসোর্স আপডেট করা হতে থাকবে।

গভর্নর Hochul-এর (হোকল) এই বছরে পাস করা আইনটি 2025-26 স্কুল ইয়ারে এই শরৎকাল থেকে শুরু করে পুরো স্টেটের K-12 স্কুল ডিস্ট্রিক্টগুলিতে বেল-থেকে-বেল পর্যন্ত স্মার্টফোন সীমাবদ্ধ করা বাধ্যতামূলক করেছে। নিউ ইয়র্কের পুরো স্টেটের স্ট্যান্ডার্ডের মধ্যে আছে:

- K-12 স্কুলের গ্রাউন্ডে, স্কুলের দিন চলার পুরো সময়ে ("বেল থেকে বেল" পর্যন্ত) অনুমতি ছাড়া কোনো স্মার্টফোন এবং অন্যান্য ইন্টারনেটসহ ব্যক্তিগত ডিভাইস ব্যবহার করা যাবে না, এর মধ্যে ক্লাসরুমের সময় এবং লাঞ্চ এবং স্টাডি হল পিরিয়ডের মতো অন্যান্য সময় থাকবে
- স্কুলগুলিকে দিনের বেলা স্মার্টফোন জমা রাখার জন্য নিজেদের পরিকল্পনা তৈরি করার অনুমতি দেওয়া, তাদের বিল্ডিং এবং স্টুডেন্টদের জন্য সেবা কাজ করবে এমন ব্যবস্থা নিতে অ্যাডমিনিস্ট্রেটর এবং শিক্ষকদের নমনীয়তা দেওয়া
- মনোযোগ নষ্ট করার কারণ দূরে রাখতে সাহায্য করার জন্য স্টোরেজ সমাধান কিনতে স্কুলগুলিকে সাহায্য করতে তাদের জন্য 13.5 মিলিয়ন মার্কিন ডলার তহবিল নিশ্চিত করা হয়েছে।
- প্রয়োজন হলে দিনের বেলা বাবা-মা যাতে সন্তানদের সাথে যোগাযোগ করতে পারে তার একটি ব্যবস্থা করা স্কুলগুলির জন্য আবশ্যিক হবে
- স্থানীয় পলিসি তৈরি করার সময় শিক্ষক, বাবা-মা এবং স্টুডেন্টদের পরামর্শ নেওয়া আবশ্যিক হবে
- অসমভাবে শৃঙ্খলা প্রয়োগ করা ঠেকানো

গভর্নর Hochul (হোকল)-এর নীতিমালা অনুযায়ী, যেসব মোবাইল ফোনে ইন্টারনেট নেই সেগুলো অনুমতি সাপেক্ষে ব্যবহার করা যাবে, পাশাপাশি, পাঠদানের উদ্দেশ্যে লেসন প্ল্যানের অংশ হিসেবে স্কুল থেকে দেওয়া ইন্টারনেট সুবিধাযুক্ত ল্যাপটপ বা ট্যাবলেট শ্রেণিকক্ষে ব্যবহার করা যাবে।

উপরন্তু, গভর্নরের নীতিমালায় স্মার্টফোন ব্যবহারের উপর কিছু ছাড়ের কথা বলা হয়েছে, এর মধ্যে রয়েছে যেসব শিক্ষার্থীর চিকিৎসার জন্য ইন্টারনেট-যুক্ত ডিভাইসের প্রয়োজন বা যাদের ইন্ডিভিজুয়লাইড এডুকেশন প্রোগ্রাম (Individualized Education Program, IEP) অনুযায়ী প্রয়োজন অথবা পড়াশোনার উদ্দেশ্যে, কিংবা অনুবাদ, পারিবারিক পরিচর্যা এবং জরুরি অবস্থার মতো অন্যান্য বৈধ প্রয়োজনে এই ছাড় প্রযোজ্য হবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov) -এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418  
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: [ny.gov/signup](http://ny.gov/signup) | NEW YORK লিখে 81336 নম্বরে  
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)